

সীমিত  
দরপত্র প্রদানের শর্তাবলী দেখে, পড়ে এবং  
বুঝে দরপত্রে অংশগ্রহণ করুন

P/T- 345

২০১ এম ইউ, বি বা  
ঢাকা সেনানিবাস

দূরা: ৯৮৩৫৯৮১-৫ বর্ধিত: ৩২৭৩

টেন্ডার নং ২০১এমইউ/ইউনিট সরবরাহ/ ৩৫৯

০৪ মার্চ ২০২৩

নিম্নলিখিত দ্রব্য/দ্রব্যাদি জরুরীভিত্তিতে ক্রয়ের জন্য প্রস্তুতকারী/সরবরাহ কারী সংস্থা হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র ২০ মার্চ ২০২৩ তারিখ বেলা ১২০০ ঘটিকায় খোলা হবে।

ক্রঃ নং	পার্ট নং	দ্রব্যেরবিবরণ	একক	পরিমাণ
01	100-90001-02	KRT <sub>2</sub> TB <sub>2</sub> Transceiver for VHF AM RT	Ea	01

Note: The a/m items are reqr to be used by 205 MU.

নোট: (i) Terms & Condition এবং Tech Specification অনুযায়ী ০৪ কপিতে দরপত্র দাখিল করতে হবে।

দরপত্র দাখিলের শর্তাবলী :

- সকল দরদাতা ২০১ রক্ষণাবেক্ষণ ইউনিট এর Enlistment number উল্লেখ পূর্বক Computer Type করে দরপত্র দাখিল করবেন।
- সরবরাহকারী প্রতিষ্ঠানকে ক্রয়াদেশ প্রদানের ৬০ দিনের মধ্যে দ্রব্য সরবরাহ করিতে হইবে। দরপত্রে দ্রব্য সরবরাহের সময়সীমা উল্লেখ করিতে হইবে। দ্রব্য সরবরাহের সময়সীমা দরপত্রের উল্লেখিত সময়সীমার মধ্যে না হলে দরপত্র বাতিল বলে গণ্য হতে পারে।
- দরপত্র দরদাতার নিজস্ব প্রতিষ্ঠানের মূল প্যাডের ০৪ কপিতে দরপত্র নম্বর ও তারিখ উল্লেখপূর্বক দাখিল করতে হবে। দরপত্রের নিচের দিকে দরদাতার নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম সন্নিবেশিত সীলমোহরের উপর দরদাতার স্বাক্ষর থাকতে হবে। দরপত্রে প্রদত্ত দর দরপত্র খোলার তারিখ হতে ০৩ মাস পর্যন্ত বহাল থাকবে। প্রতিটি দ্রব্যের দর আলাদা আলাদা Quote করতে হবে।
- দরপত্রের বর্ণিত দ্রব্যের পূর্ণ তথ্য (মডেল/ব্র্যান্ড/ধারণ ক্ষমতা/আয়ুষ্কাল/এসেম্বল/প্রস্তুতকারী দেশের নাম ইত্যাদি) উল্লেখ করতে হবে। কোন কোন দ্রব্যের ক্ষেত্রে বিমান বাহিনীর প্রদত্ত বিনির্দেশ/বিশেষ শর্ত/নমুনা মোতাবেক দরপত্র দাখিল করতে হবে। বিমান বাহিনীর প্রয়োজনে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বিনির্দেশ/বিশেষ শর্ত/নমুনার বাহিরে দরপত্র প্রদান করা অনাবশ্যক।
- অবশ্যই সদ্য প্রস্তুতকৃত নতুন দ্রব্যাদির দর প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্যাদির জন্য দরপত্র বাতিল করা হতে পারে। সংশ্লিষ্ট দরদাতাকে দরপত্র খোলার সময় উপস্থিত থেকে নিজের প্রস্তাবিত দরের অবস্থান সম্পর্কে নিশ্চিত হতে হবে।
- দরপত্র দাখিল করার পর কোন প্রকার অজুহাত গ্রহণযোগ্য নয়। সর্বনিম্ন দরদাতা কার্যাদেশ গ্রহণ করার পর দ্রব্য সরবরাহে অপরাগতা প্রকাশ বা দ্রব্য সরবরাহে বিলম্ব করা শাস্তিযোগ্য।
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদত্ত তারিখ অনুযায়ী অনুমোদিত দ্রব্য নিজ দায়িত্বে ও খরচে ২০১ এমইউ, বিবা-তে, প্রতিষ্ঠানের চালানের মাধ্যমে হস্তান্তর করতে হবে। কোন প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কার্যাদেশ প্রদত্ত নির্দিষ্ট তারিখের মধ্যে দ্রব্য সরবরাহ/মেরামত করতে ব্যর্থ হলে বিলম্বে দ্রব্য সরবরাহ/মেরামতের কারণে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হতে পারে।
- সর্বনিম্ন দরদাতা কর্তৃক সরবরাহ/মেরামতকৃত দ্রব্যাদি বিমান বাহিনী কর্তৃক গৃহিত হওয়ার পর কমপক্ষে ১ হতে ৫ বছরের (প্রয়োজ্য মতে) ক্রটিমুক্ত সেবার/ব্যবহারের/সচলতার ওয়ারেন্টি/গ্যারান্টি দিতে হবে। ওয়ারেন্টি/গ্যারান্টি সময়ের মধ্যে মেরামত/সরবরাহকৃত দ্রব্যাদির কোন গড়মিল/ক্রটি/সমস্যা দেখা দিলে তা ০৭ দিনের মধ্যে সরবরাহ/মেরামতকৃত প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় বদল/ক্রটিমুক্ত করে দিতে হবে।
- দ্রব্যাদি অবশ্যই ব্যবহারকারী কর্তৃক সন্তোষজনকভাবে গৃহিত হবার পর সরবরাহ/মেরামতকারী প্রতিষ্ঠানের বিলের বিপরীতে সরকারী আর্থিক বিধি মোতাবেক ভ্যাট এবং আয়কর কর্তনপূর্বক ঘাঁটি হিসাবরক্ষণ বহর কর্তৃক ক্রেস চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ইউনিটের কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল/স্থগিত/আংশিক ক্রয় করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ক্রয়াদেশ প্রদত্ত দ্রব্যের মূল্য ২৫ লক্ষ টাকা বা তদুর্ধ্ব হলে এবং সরবরাহকারী তার কার্যাদেশে উল্লেখিত সময়সীমার মধ্যে সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতি সপ্তাহে সর্বোচ্চ ০.৫% এবং সর্বনিম্ন ০.২৫% হারে অনূর্ধ্ব ১০% পর্যন্ত L/D (Liquidated damage) আরোপ করা হবে।
- ক্রয়াদেশ প্রদত্ত দ্রব্যের মূল্য ৫০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব হলে মোট মূল্যের ১% Sy deposit /PG হিসেবে জমা নেয়া হবে।
- স্থানীয় বাজারে সহজলভ্য টেন্ডারকৃত সাধারণ দ্রব্যের মূল্য ২৫ (পচিশ) লক্ষ টাকার কম হলে বিদেশ থেকে আমদানি যোগ্য দ্রব্যাদি সামরিক সরঞ্জাম (Defence goods) হিসাবে অধিনায়ক ২০১ এম ইউ, বি বা এর নামে বুকিং করা যাবে না।
- টেন্ডারকৃত দ্রব্য দুঃপ্রাপ্য (স্থানীয় বাজারে সহজলভ্য নয় এমন) হলে যেমনঃ Refueller এর ফিল্টার, POL দ্রব্যাদি, C&E এর সরঞ্জামাদি, AGE veh এবং Aircraft ইত্যাদি এর Spare parts যা বিদেশ থেকে আমদানী যোগ্য, এই সকল দ্রব্যের মূল্য ২৫ লক্ষ টাকার কম হলেও তা Defence goods হিসেবে অধিনায়ক ২০১ এমইউ বি বা এর নামে আমদানী করা যাবে। তবে তা টেন্ডার সিডিউলে ও দরদাতার দর প্রস্তাবে উল্লেখ করতে হবে এবং কার্যাদেশে সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে। সেক্ষেত্রে দ্রব্যটির Consignee হিসেবে অধিনায়ক ২০১ এমইউ বি বা এর নামে বিদেশ হতে বুকিং করতে হবে।
- টেন্ডারকৃত দ্রব্যের মূল্য ২৫ (পচিশ) লক্ষ টাকার বেশী হলে এবং তা বিদেশ হতে Defence goods হিসেবে আমদানী করার প্রয়োজন হলে তা টেন্ডার সিডিউলে ও দরদাতার দরপ্রস্তাবে উল্লেখ করতে হবে এবং কার্যাদেশে সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে। সেক্ষেত্রে দ্রব্যটির Consignee হিসেবে অধিনায়ক ২০১ এমইউ বি বা এর নামে বিদেশ হতে বুকিং করতে হবে।
- মূল বিল ও কোটেশনের জন্য একই প্যাড ব্যবহার করা যাবে না।

  
SAGAR SOIKOT PITOM  
Flight Lieutenant  
Oic Unit Supply  
201 Maintenance Unit  
Bangladesh Air Force